দৈনিক ইনকিলাব

তারিখ ... 19 AUG 2008
পৃষ্ঠা ... ১১ কলাম ... ৪

১৪ জুলাইর প্রজ্ঞাপন

# বেসরকারী প্রাঃ শিক্ষকদের রিটে সরকারের ওপর হাইকোর্টের রুল

স্টাফ রিপোর্টার ঃ বেসরকারী প্রাথমিক শিক্ষকদের জন্য প্রযোজ্য ১৪ জুলাই জারিকৃত প্রজ্ঞাপন কেন অবৈধ ঘোষণা করা হবে না- এই মর্মে রুলনিশি জারি করেছে হাইকোর্ট। বাংলাদেশ বেসরকারী প্রাথমিক শিক্ষক সমিতির পক্ষে নাসির উদ্দিন আহমেদ দায়েরকৃত রিট পিটিশনের প্রেক্ষিতে বিচারপতি সৈয়দ মাহমুদ হোসেন এবং বিচারপতি ফরিদ আহমেদের ডিভিশন বেঞ্চ এ রুল জারি করেন। ৪ সপ্তাহের মধ্যে সরকারকে রুলের জবাব দিতে হবে। পিটিশনার পক্ষে শুনানি করেন এডভোকেট গাজী মহসিন।